# হোমিও রত্নমালা

(অব্যর্থ ব্যবস্থাপত্রাবলী)



৩য় সংস্করণ
(পরিবর্দ্ধিত ও পরিমার্জিত)

ডাঃ ধনমোহাম্মদ সরকার
(হোমিওপ্যাথ)

# সূচীপত্র


| | | পৃষ্ঠা |
|---|---|---|
| নিবেদন ঃ | লেখক ... ... | (i) |
| আশীর্বাণী ঃ | ডাঃ মহেন্দ্র সিং ... ... | (iv) |
| আমার কথা ঃ | ডাঃ মুহম্মদ আজমাল হোসেন ... ... | (v) |
| খ্যাতনামা চিকিৎসকগণের অব্যর্থ ব্যবস্থাপত্রাবলী | ... ... | ১ |
| লক্ষণ সাহায্যে রোগ ও রোগের ভাবীফল নির্ণয় | ... ... | ৬৫ |
| বিপরীত লক্ষণ ও তাহার ওষুধ | ... ... | ৭০ |
| সহায়ক সার-সংগ্রহ | ... ... | ৭৬ |
| রকমারি | ... ... | ৮৪ |
| এ্যালোপ্যাথিক ড্রাগস-এর পরিবর্তে হোমিওপ্যাথি | ... ... | ৮৬ |
| ঔষধ সূচী | ... ... | ৮৮ |
| নির্দেশিকা | ... ... | ৯৪ |

# খ্যাতনামা-চিকিৎসকগণের অব্যর্থ ব্যবস্থাপত্রাবলী

১) তরুন ব্রঙ্কিয়াল অ্যাজমায় **এড্রিনেলিন ক্লোরাইড** ২০০ নাটকীয়ভাবে উপশম দিতে পারে, কিন্তু দুর্বলতার জন্য আসেনিকের স্মরণ করতে হয়।

— *হোমিও রেকর্ডার, ফেব্রুঃ ১৯২৪*

২) **এড্রিনেলিন** ২০০ থেকে ১০ এম উচ্চ রক্তচাপে এবং পীড়ার পরিনাম ফলের ক্ষেত্রে অত্যন্ত উপকারী হতে দেখা গেছে।

— *ডাঃ ডবিউ. এ. ইংলিং*

৩) পার্পিউরা (purpura) এবং রক্তক্ষরণে একাধিকবার সাফল্য লাভ করেছে **এসিড-ফস**।

— *ডাঃ মার্গারেট টাইলার*

৪) উপদংশজ শিরঃপীড়া, রাত্রিকালিন শিরঃপীড়ায় **অরম** ভালো কাজ করে বিশেষ করে **অরম-আয়োডি**।

— *ডাঃ ডোনার*

৫) যকৃতের সিরোসিসের ফলে শোথ যখন অন্তিম অবস্থায় পৌছায় তখন **এসিড-মিউর** অত্যন্ত উপকারী।

— *ডাঃ ই. এ. ফ্যারিংটন*

৬) গর্ভাবস্থায় আহারের পর বমনে **এসিড-কার্ব** উপকারী।

৭) ইনফ্লুয়েঞ্জার মহামারীতে **এসিড-সারকোল্যাক্টিক্** অত্যুপকারী।

— *ডাঃ উইলিয়ম গ্রিগ্স্*

৮) মেরুদণ্ডের স্নায়বিক দুর্বলতা, পেশীর দুর্বলতা, শ্বাসকৃচ্ছ্রতা, হৃৎযন্ত্রের দুর্বলতা এবং রক্তবিষনে (Toxaemia) **এসিড-সারকোল্যাক্টিক্** অত্যন্ত উপকারী।

— *ডাঃ উইলিয়ম গ্রিগ্স্।*

৯) ব্রনকাইটিস এবং তরুন বাত ব্যাধিতে ব্রাইওনিয়া নির্দেশিত হলে ও অনেক সময় ব্রাইওনিয়া প্রয়োগে কোন কাজ হয়না। কিন্তু প্রথমে **একোনাইট** প্রয়োগ করে ব্রাইয়োনিয়া দিলে উপকার দর্শে।

*— ডাঃ হেল*

১০) দাঁত দিয়ে নখ কাটা বা ছেঁড়ার কারন যেখানে কোনপ্রকার স্নায়বিক উত্তেজনা, সেখানে রেপার্টরীতে যে একটি মাত্র ওষুধের উল্লেখ রয়েছে তা হলো **এমোনিয়াম-ব্রোমেটান**। ওষুধটি সত্যিই কার্য্যকর।

*— ডাঃ জিয়ার (Gier)*

১১) চুল ঝরার উপসর্গ নিরায়ম করার দৃষ্টান্ত রেখেছে **অ্যালো-স**।

*— ডাঃ রাডক্*

১২) বামচোখের তারারন্ধ্রের অস্বাভাবিক প্রসারণে (Mydriasis) **এনাকার্ডিয়ামের** কথা ভাবতে হবে।

*— ডাঃ মিলার ডিক্ম্যান*

১৩) প্রত্যেকটি নিঃশ্বাসই যেন শেষ নিঃশ্বেস, এই অনুভূতি শুধুমাত্র যে বক্ষরুদক (বক্ষশোথ) রোগীর মধ্যে দেখা দেয় তা নয় এটা স্নায়বিক লক্ষণও হতে পারে এক্ষেত্রে **এপিস-মেল** নির্দেশিত হয়।

*— ডাঃ ই. বি. ন্যাশ্*

১৪) দীর্ঘকাল স্থায়ী ও গভীরমূলাশ্রয়ী পাকস্থলীর ক্ষত সঙ্গে রক্তবমন **আর্জেন্ট-নাইট্রিকের** সুখ্যাতি রয়েছে।

*— ডাঃ হিউজেস্*

১৫) আক্ষেপিক শ্বাসককৃচ্ছ্রতায় যখন ইপিকাক ও আর্সেনিক অকৃতকার্য্য হয়, তখন কার্য্যকার ওষুধ হল **অ্যাসপিডোস্পার্মাইন**।

*— এডুইন্ এম. হেল্*

১৬) দুর্বল হৃৎপিণ্ড সহজে উত্তেজিত হয়ে ওঠে এবং হৃৎস্পন্দন বেড়ে যায় এ অবস্থায় অত্যন্ত মূল্যবান ওষুধ **আর্সেনিক-এল্ব**।

*— ডাঃ এলেন*

১৭) কৃষ্ণবর্ণে **বিবর্ণ ত্বক** অন্য কোন নির্দেশক লক্ষণ না থাকলে **আর্স-এল্ব**

৩ বা ৬ প্রত্যহ একবার যতদিন না ত্বকের বর্ণ স্বাভাবিক হয়।

*— ডাঃ পি শঙ্করণ*

১৮) সাধারন সর্দিতে যখন জলীয় স্রাব বইতে থাকে তখন **আর্স এল্ব** ৩× ৪ মাত্রা প্রয়োগ করাই যথেষ্ট।

*— ডাঃ পি. এস. কামঠান*

১৯) ফিসচুলা বা ভগন্দর যতই পুরাতন হক না কেন প্রতি একদিন অন্তর পর্য্যায়ক্রমে **আর্স এল্ব** ২০০ ও **সাইলি** ২০০ প্রয়োগ করলে শীঘ্রই আরোগ্য হয়।

*— ডাঃ জি. মুখার্জি*

২০) অস্টিওমাইলাইটিস রোগের অগ্রগতি রোধ ও আরাগ্য করা যায়। যদি প্রারম্ভিক অবস্থায় **আর্নিকা** ১এম প্রয়োগ করা হয়।

*— ডাঃ টি. পি. চ্যাটার্জি*

২১) মাথাব্যথা ও আধকপালে (Migraine) ব্যথার উপশম দিতে হোমিও **অ্যাসপিরিন** উত্তম ওষুধ। ইহার ২০০ অথবা ২× শক্তি প্রয়োগ করবেন। আক্রমণের পরে নয়।

*— ডাঃ টি. পি. চ্যাটার্জি*

২২) চোখের ভ্রুর চুল পড়ে যাওয়াতে যেখানে ক্যালি কার্ব ব্যর্থ হয়। সেখানে **এনাথেরাম** দিয়ে অবশ্যই চেষ্টা করবেন।

*— ডাঃ আর. বি. দাশ*

২৩) স্ত্রী যন্ত্রাদির উপর **জেনোসিয়া অশোকার** প্রভাব লক্ষ্য করা যায়।

*— ডাঃ ডি. এন. রায়*

২৪) পায়ের উর্দ্ধগামী পক্ষাঘাতের ওষুধ হচ্ছে **আর্স-এল্ব** ৩× দিনে ৩ বার করে দিতে থাকুন, রোগী কয়েকদিনের মধ্যেই হাট্তে সক্ষম হবে।

*— ডাঃ টি. পি. চ্যাটার্জি*

২৫) স্তনের ক্যান্সার চিকিৎসায় **এস্টেরিয়াস-রিউবেন্স** অত্যন্ত দরকারী।

*— ডাঃ পি. এল. বার্থেল*

২৬) বৃদ্ধ ব্যক্তিদের মাথা ঝিমঝিম (ceribral statis) করায় **বেলিস-**

পিরেনিস ভালো কাজ করে, এমনকি চিরস্থায়ী সুস্থতা এনে দেয়।

— *ডাঃ জে. সি. বার্নেট*

২৭) উচ্চ রক্তচাপে যখন সিস্টোলিক চাপ বেশী থাকে এবং ডায়াস্টোলিক চাপ কম থাকে তখন **ব্যারাইটা-মিউর**।

— *ডাঃ এস. আর. ওয়াদিয়া*

২৮) পায়ের আঙ্গুলের বাতজনিত স্ফীতি এবং মূত্রের স্বল্পতা লক্ষনে যেখানে অন্যান্য ওষুধ নিষ্ফল হয়েছে সেখানে **বার্বেরিস-ভালগেরিস** আমাকে সাহায্য করেছে।

— *ডাঃ যুগল কিশোর*

২৯) যখন কোন শিশু (পুং বা স্ত্রীং) ঘরের মেজেতে বসে অথবা উবু হয়ে শুয়ে সঙ্গম করার ভঙ্গী করতে থাকে, তখন **বিউফো** প্রয়োগে ঐ বদ অভ্যাস দূর হয়।

— *ডাঃ জেম্‌স্*

৩০) জ্বরে **ব্রাইওনিয়া** নির্বাচিত হলে, তার ক্রিয়া বারো ঘণ্টার মধ্যে দেখা যাবে ও সেক্ষেত্রে প্রচুর ঘাম হবে। কিন্তু গর্ভবতীদের ক্ষেত্রে সাবধানতা দরকার কারন ওষুধটি এই অবস্থায় খুবই ক্ষতিকর।

— *ডাঃ এইচ. সি. মরো ও ডাঃ কোয়াকেনবুস*

৩১) শিশু বা বালকদের শয্যামূত্রের ক্ষেত্রে ভালো ওষুধ **ব্যাসিলিনাম-টেস্টিনাম**।

— *ডাঃ ফুবিস্টার (Foubister)*

৩২) নির্দিষ্ট বিকারতাত্ত্বিক (Pathological) পরিবর্ত্তন ব্যতিরেকে রক্ত সঞ্চয় জনিত স্ফীতি **ব্যাসিলাস-মর্গানে** নিরাময় হয়েছে।

— *ডাঃ উইলিয়ম বি. গ্রিগস্*

৩৩) উদরাময়ে যখন ক্রোটন-টিগ পডো, আর্স-এল্ব এবং ম্যাগ-কার্ব প্রয়োগে সাময়িক উপকার হয় আবার বেড়ে যায়। সেখানে নোসোড **ব্যাসিলাস-কোলাই ২০০** তিন মাত্রা একদিন ব্যবহারে ৮০% ভাগ ক্ষেত্রে আরোগ্য হয়।

— *ডাঃ জেম্‌স্*

৩৪) শিশুদের দন্তোদগমনকালে বিরক্তিকর মেজাজ ও সবুজ দুর্গন্ধযুক্ত মল সহ জ্বর হলে ক্যামো ৬ ও বেল ৬ পর্য্যায়ক্রমে উভয়ের ৩ মাত্রা করে প্রযোজ্য।

*— ডাঃ ইদত্ কাম্‌ঠান্*

৩৫) বাতের যন্ত্রনার জন্য নিদ্রাহীনতায় আমি বেলেডোনা ২x বারবার প্রয়োগ করি।

*— ডাঃ কাথ্‌বার্ট*

৩৬) হার্নিয়া রোগের চিকিৎসায় বেল ১x ও ন্যাক্স-ভূম ১x অত্যুপকারী; প্রথম ৩/৪ দিন প্রত্যহ দু'ঘন্টা অন্তর পরিবর্তিত পন্থায় প্রযোজ্য; পরে এক সপ্তাহ কাল ৫/৬ ঘন্টা অন্তর এবং পরবর্তী একমাস প্রত্যহ ও সন্ধ্যায় একমাত্রা করে পরিবর্তিত প্রথায় প্রদেয়।

*— ডাঃ ডি, ডব্লিউ, বাউয়েন*

৩৭) আমবাতে বা অন্যান্য উদ্ভেদে রাসটক্স বিফল হলে বোভিস্টা কার্য্যকর হয়।

*— ডাঃ মরো ও কোয়াকেনবুস্*

৩৮) মাসিকের আগে বা পরে পাতলা বাহ্যে হলে বোভিস্টা স্মর্ত্তব্য।

*— ডাঃ উইলিয়াম গ্রিগ্‌স্*

৩৯) অগ্নিদগ্ধ হওয়ার পর রোগী যদি বলে যে পুড়ে যাওয়ার পর থেকে কখনও সে সুস্থ থাকেনি তাহলে কস্টিকাম।

*— ডাঃ গার্নসী*

৪০) অন্যান্য অ্যান্টিসোরিক অপেক্ষা কস্টিকাম-এর ক্রিয়া বিলম্বে শুরু হয়।

*— ডাঃ মরো ও ডাঃ কোয়াকেনবুস্*

৪১) অস্ত্রোপচারের পর মূত্রবন্ধে কস্টিকাম একটি বাঁধাধরা ওষুধ।

*— ডাঃ ডি. এম. ফুবিস্টার*

৪২) হৃদরোগীর ক্রমবর্দ্ধিত নিদ্রাহীনতায় ক্রেটেগাস θ ত্রিশ ফোঁটা আধ গ্লাস জলে মিশিয়ে প্রতি তিন ঘন্টায় এক চামচ।

*—ডাঃ বোগার*